

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের মামলাসমূহের তালিকা নিম্নে পেশ করা হলো

ক্রঃ নং	মামলা নম্বর	মামলার বিবরণ	মামলার বাদী/বিবাদী	আইনজীবীর নাম	মন্তব্য
১।	রীট পিটিশন নং- ৭৫৮৫/০৩	বিগত ২১/২২ শে ডিসেম্বর ২০০৩ এইচবিআরআই-এর জায়গা হইতে অবৈধ স্থাপনা উচ্ছেদের পরিপ্রেক্ষিতে আইন ও শালিশ কেন্দ্র কর্তৃক সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং পরিচালক এইচবিআরআই সহ ৬(ছয়) জনকে পক্ষভুক্ত করিয়া মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৭৫৮৫/০৩ দায়ের করে এবং রায়ে বস্তি নং-১ ও ৫ এর উপর আদালত কর্তৃক স্টেটাস কো-জারী করেন। উক্ত স্টেটাস কো-ভ্যাকেট করার জন্য আইনজীবীকে বলা হয় এবং আইনজীবী স্টাটাস কো-ভ্যাকেট করার জন্য আদালতে জবাব দাখিল করে। ২১ জানুয়ারী, ২০১৬ তারিখে রায়ে উল্লিখিত ১ ও ৫ নং বস্তি বহির্ভূত এইচবিআরআই-এর অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হইলে আইন ও শালিশ কেন্দ্র উচ্চ আদালতে মামলাটি শুনানীয়াস্তে আদালত কর্তৃক ৩(তিন) মাসের জন্য নিষেধাজ্ঞা জারী বহাল রাখেন এবং আগামী ০৬-১২-২০১৯ তারিখ শুনানির জন্য দিন ধার্য আছে।	আইন ও শালিশ কেন্দ্র বনাম পরিচালক HBRI দারুস-সালাম, মিরপুর, ঢাকা।	জনাব এ কে এম আসিফুল হক ও জনাব মোঃ মজিবুর রহমান	বস্তি উচ্ছেদ সংক্রান্ত
২।	রীট পিটিশন নং- ৭১৮/১৬	মাইনুদ্দিন হাওলাদার কর্তৃক দায়েরকৃত রীট পিটিশনে বলা হয়েছে যে, ২(দুই) টি মোজায় মোট ৬.৮০ একর জমি ওয়াকফ প্রশাসক কর্তৃক লীজ প্রদান করা হয়েছে। বর্তমানে মামলাটি হাইকোর্ট ডিভিশনে পেনডিং আছে।	মাইনুদ্দিন হাওলাদার বনাম পরিচালক HBRI দারুস-সালাম, মিরপুর, ঢাকা।	ঐ	উচ্ছেদ সংক্রান্ত
৩।	দেওয়ানী মামলা নং- ৩১/১৬	দেওয়ানী মামলা নং ১৭৮/২০১৪। ১ম সহকারী জজ আদালত, ঢাকা বদলীমূলে নতুন নাম্বার হয়। বিজ্ঞ ৪র্থ অতিরিক্ত সহকারী জজ আদালত, ঢাকা। দেওয়ানি মামলা নং-৩১/১৬। বাদী পক্ষের মামলার বিষয় এই যে, তফসিলে বর্ণিত সম্পত্তিতে বাদী পক্ষের চিরস্থায়ী নিষেধাজ্ঞার দাবিতে অত্র মামলায় আনয়ন করে এবং অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ হাসিল করার জন্য স্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত দাখিল করেন। বিবাদী উক্ত অস্থায়ী নিষেধাজ্ঞা দরখাস্তের বিরুদ্ধে লিখিত আপত্তি দাখিল করিলে উভয় পক্ষের উপস্থিতিতে অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্তটি বিগত ১২/০৫/১৬ তারিখে শুনানি হয়। পরে বিজ্ঞ আদালত ১৮/১০/২০১৮ তারিখে আদেশ প্রদান করেন যে, বাদী পক্ষের অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্তটি দোতরফসূত্রে শুনানিয়াস্তে নামঞ্জুর করেন এবং মূল মামলাটি চলিবে কিনা তৎমর্মে গ্রহণযোগ্যতা শুনানির জন্য দিন ধার্য করেন। উক্ত মামলার গ্রহণযোগ্যতা শুনানি ও আদেশের জন্য আগামী ২০-০২-২০২০ তারিখ দিন ধার্য আছে।	দারুস-সালাম কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর পক্ষে খন্দকার নজিবুর রহমান বনাম পরিচালক HBRI দারুস-সালাম, মিরপুর, ঢাকা।	জনাব মোঃ মজিবুর রহমান ও জনাব মোঃ মুনসুর আলী তালুকদার	২৫.০০ একর জমির স্বত্ব ঘোষণার মামলা
৪।	মিস আপীল নং- ২৭১/১৬	অত্র মামলার বিষয় হইল যে, মূল মামলা দেওয়ানি মোকদ্দমা ৩১/১৬ নং মামলায় ১৮/১০/২০১৮ তারিখে অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্তটি দোতরফসূত্রে শুনানিয়াস্তে বিজ্ঞ ৪র্থ অতিরিক্ত জজ আদালত নামঞ্জুর করিলে উক্ত আদেশের বিরুদ্ধে বিজ্ঞ জেলা জজ আদালতে অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ হাসিল করার নিমিত্তে অত্র মিস-আপীল দাখিল করেন। বিবাদী পক্ষ লিখিত আপত্তি দাখিল করিয়াছেন। আদালতে বিবাদীদের সম্মত জারি ও শুনানি অপেক্ষায় আছে। আগামী ১৬-০১-২০২০ তারিখ শুনানির জন্য দিন ধার্য আছে।	ঐ	ঐ	ঐ